রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/১৯ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৯১-আইন/২০১৭।—যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ (২০১৫ সনের ৮নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) **"আইন"** অর্থ যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ (২০১৫ সনের ৮নং আইন);

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **নিবন্ধন কর্তৃপক্ষ"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২) এ উল্লিখিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(৪) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম; এবং

(৫) **"স্বীকৃতিপত্র"** অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে অন্য কোন আইনের অধীন নিবন্ধিত কোন সংগঠন বা সংস্থাকে যুব কার্যক্রম পরিচালনা করিবার জন্য নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক বিধি ৩ এর উপ-বিধি (৪) অনুযায়ী প্রদত্ত সনদ।

৩। **নিবন্ধন সনদ বা স্বীকৃতিপত্রের জন্য আবেদন, ইত্যাদি।**—(১) নিবন্ধন সনদ, বা ক্ষেত্রমত, স্বীকৃতিপত্র গ্রহণ ব্যতীত কোন যুব সংগঠন আইনের অধীন কোন যুব কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

(২) যুব সংগঠন নিবন্ধনের উদ্দেশ্যে ফরম-'ক' এবং স্বীকৃতিপত্রের জন্য ফরম-'খ' অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

মূল্য ঃ টাকা ১৬.০০

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত ফি ও দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) অর্থনৈতিক কোড ১-৩৬৪০-০০০০-১৮৩৬ এর অনুকূলে প্রদত্ত অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের কপি;

(খ) তফসিল অনুসারে প্রণীত যুব সংগঠনের গঠনতন্ত্রের অনুলিপি, যাহার প্রতি পাতায় যুব সংগঠনের সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম, স্বাক্ষর ও সিলমোহর থাকিবে;

(গ) নির্বাহী পরিষদের সদস্যগণের তালিকা;

(ঘ) পূর্ববর্তী বৎসরের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীর অনুলিপি;

(ঙ) পূর্ববর্তী বৎসরের হিসাবের বার্ষিক বিবরণীর অনুলিপি (স্বীকৃতিপত্রের ক্ষেত্রে);

(চ) হালনাগাদ ব্যাংক হিসাব বিবরণী; এবং

(ছ) যুব সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

(৪) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ, সরেজমিন পরিদর্শনপূর্বক সন্তুষ্ট হইলে, আবেদন প্রাপ্তির অনধিক ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে ফরম-'গ' অনুযায়ী নিবন্ধন সনদ, বা ক্ষেত্রমত, ফরম-'ঘ' অনুযায়ী স্বীকৃতিপত্র প্রদান করিবে, অন্যথায়, যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন নামঞ্জুর করিয়া অবিলম্বে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নিবন্ধন সনদ বা স্বীকৃতিপত্র প্রদানের পর এতদসংক্রান্ত তথ্যাদি ফরম-'ঙ' অনুযায়ী নিবন্ধন বহিতে এন্ট্রি করিয়া রাখিতে হইবে।

(৬) উপ-বিধি (৪) এর অধীন কোন আবেদন নামঞ্জুর হইলে আবেদনকারী উহা অবহিত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকার বরাবর আপিল দায়ের করিতে পারিবে।

(৭) উপ-বিধি (৬) এর অধীন দায়েরকৃত আপিল সরকার ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিবে এবং সরকার কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৪। **যুব সংগঠনের নিবন্ধন বা স্বীকৃতিপত্র বাতিল।**—(১) মিথ্যা তথ্যের উপর ভিত্তি করিয়া অথবা তথ্য গোপন করিয়া কোন যুব সংগঠন নিবন্ধন হইয়াছে বলিয়া নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হইলে নিবন্ধন কর্তৃপক্ষ উক্ত সংগঠনের নিবন্ধন বা স্বীকৃতিপত্র বাতিল করিতে পারিবে।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ, কোন যুব সংগঠনের নিবন্ধন বা স্বীকৃতিপত্র বাতিল করা যুক্তিসঙ্গত মনে করিলে, তদ্‌মর্মে কারণ উল্লেখপূর্বক, নোটিশ প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য, সংশ্লিষ্ট যুব সংগঠন বরাবর লিখিত নোটিশ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী জবাব দাখিল করা হইলে, উহা পর্যালোচনাক্রমে, প্রয়োজনে শুনানি গ্রহণ করিয়া, নিবন্ধন কর্তৃপক্ষ, জবাব দাখিলের পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উহার সিদ্ধান্ত প্রদান করিবে।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে জবাব দাখিল করা না হইলে নিবন্ধন বা স্বীকৃতিপত্র বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫। **অন্তর্বর্তীকালীন কমিটি কর্তৃক নির্বাহী পরিষদের নির্বাচন।**—(১) আইনের ধারা ৯ এর উপ-ধারা (৫) অনুযায়ী নির্বাহী পরিষদের নির্বাচন সম্পন্ন করিবার লক্ষ্যে অন্তর্বর্তীকালীন কমিটি উহার অনধিক ৩ (তিন) সদস্য সমন্বয়ে নির্বাচন পরিচালনা কমিটি গঠন করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নির্বাচন পরিচালনা কমিটি সংশ্লিষ্ট যুব সংগঠনের একটি হালনাগাদ ভোটার তালিকা প্রণয়নপূর্বক অন্তর্বর্তীকালীন কমিটির অনুমোদন গ্রহণ করিবে এবং নির্বাচনের তফসিল ঘোষণাপূর্বক অনুমোদিত ভোটার তালিকার ভিত্তিতে নির্বাহী পরিষদের নির্বাচন সম্পন্ন করিবে।

৬। **যুব সংগঠনের বিলুপ্তি।**—(১) আইনের ধারা ১০ অনুযায়ী যুব সংগঠন বিলুপ্তির ক্ষেত্রে, নিবন্ধন কর্তৃপক্ষ, কোন যুব সংগঠন কেন বিলুপ্ত করা হইবে না তদ্‌মর্মে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য সংশ্লিষ্ট যুব সংগঠনকে নোটিশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত সময়ের মধ্যে—

(ক) জবাব দাখিল করা হইলে, নিবন্ধন কর্তৃপক্ষ, উহা পর্যালাচনাক্রমে, প্রয়োজনে শুনানী গ্রহণ করিয়া, সংশ্লিষ্ট যুব সংগঠন বিলুপ্ত করিবার যুক্তিসঙ্গত কারণ বিদ্যমান রহিয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, জবাব দাখিলের ৪৫(পঁয়তাল্লিশ) কার্যদিবসরে মধ্যে সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবে; অথবা

(খ) জবাব দাখিল না করা হইলে নিবন্ধন কর্তৃপক্ষ পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসরে মধ্যে সামগ্রিক বিষয়ের উপর ভিত্তি করিয়া সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবে।

(৩) সরকার, উপ-বিধি (২) অনুযায়ী প্রতিবেদন প্রাপ্তির পর, যুক্তিযুক্ত মনে করিলে, সংশ্লিষ্ট যুব সংগঠন বিলুপ্তির আদেশ প্রদান করিতে পারিবে এবং উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে যুব সংগঠনটি বিলুপ্ত হইবে।

৭। **স্বেচ্ছা অবসায়ন।**—(১) আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) অনুযায়ী স্বেচ্ছা অবসায়নের জন্য ফরম-'চ' অনুযায়ী আবেদন এবং যুব সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক সত্যায়নকৃত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) স্বেচ্ছা অবসায়ন সংক্রান্ত যুব সংগঠনের বিশেষ সাধারণ সভার নোটিশ;

(খ) বিশেষ সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তিন-চতুর্থাংশ সদস্য কর্তৃক স্বেচ্ছা অবসায়নের সিদ্ধান্ত গ্রহণের প্রমাণসহ উপস্থিত সদস্যদের স্বাক্ষর সম্বলিত তালিকা;

(গ) বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী; এবং

(ঘ) যুব সংগঠনের স্থাবর-অস্থাবর সম্পত্তির তালিকাসহ প্রাসঙ্গিক দলিলাদির বিবরণী এবং, প্রয়োজনে, সংশ্লিষ্ট তথ্যাদির স্বপক্ষে কাগজাদি।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ, উপ-বিধি (১) এ উল্লিখিত কাগজাদির সত্যতা যাচাইপূর্বক, এবং প্রয়োজনে সরেজমিন তদন্ত করিয়া, সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট যুব সংগঠনের স্বেচ্ছা অবসায়নের আদেশ প্রদান করিবে।

৮। **অবসায়ক নিয়োগ**।—(১) কোন যুব সংগঠনের বিলুপ্তি বা অবসায়নের আদেশ প্রদান করা হইলে নিবন্ধন কর্তৃপক্ষ কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা, স্কুল-কলেজের শিক্ষক, গণ্যমান্য ব্যক্তি বা অন্য কোন যুব সংগঠককে সংশ্লিষ্ট যুব সংগঠনের অবসায়ক নিয়োগ করিতে পারিবে।

(২) যুব সংগঠনের তহবিল হইতে অবসায়ককে সরকার কর্তৃক নির্দিষ্টকৃত সম্মানী প্রদান করা যাইবে।

৯। **অবসায়কের কার্যাবলি**।—নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, অবসায়ক নিম্নবর্ণিত কার্যাদি করিতে পারিবেন, যথা:—

(ক) যুব সংগঠনের নামে কিংবা যুব সংগঠনের পক্ষে কোন ফৌজদারি বা দেওয়ানী মামলা বা অভিযোগ অথবা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের অথবা যুব সংগঠনের বিরুদ্ধে দায়েরকৃত ঐসব মামলা, অভিযোগ বা কার্যধারায় যুব সংগঠনের পক্ষ সমর্থন করা;

(খ) যুব সংগঠনের জন্য কল্যাণকর হয় এইরূপে উহার অবসায়নের স্বার্থে যতদূর প্রয়োজন উক্ত যুব সংগঠনের কার্যাবলি পরিচালনা করা;

(গ) কোন ব্যক্তি, সংস্থা বা অন্য সংগঠনের নিকট সামগ্রিকভাবে হস্তান্তর বা খণ্ড খণ্ডভাবে বিক্রয় করিবার ক্ষমতাসহ যুব সংগঠনের স্থাবর ও অস্থাবর সম্পত্তি প্রকাশ্য নিলাম কিংবা ব্যক্তিগত যোগাযোগের মাধমে বিক্রয়;

(ঘ) যুব সংগঠনের নামে ও পক্ষে যুব সংগঠনের সকল কার্যাদি করা, সকল দলিলের প্রাপ্তি স্বীকার করা, যে কোন দলিল সম্পাদন ও পৃষ্ঠাংকন করা এবং তদ্‌উদ্দেশ্যে যখন প্রয়োজন হয় যুব সংগঠনের সাধারণ সিল মোহর ব্যবহার করা;

(ঙ) কোন প্রদায়কের দেউলিয়াত্ব সংক্রান্ত কার্যধারায় তাহার সম্পত্তির বিপরীতে যুব সংগঠনের কোন পাওনা বা পাওনার অবশিষ্টাংশের সত্যতা প্রমাণ, উহার শ্রেণিবিন্যাস এবং দাবি উত্থাপন করা, এবং প্রদায়ক দেউলিয়া থাকা অবস্তায় ঐ পাওনা বা উহার অবশিষ্টাংশ দেউলিয়ার নিকট হইতে একটি পৃথক ঋণ হিসাবে এবং তাহার অন্যান্য পাওনাদারের সহিত হারাহারিভাবে উক্ত পাওনা আদায় করা;

(চ) যুব সংগঠনের পরিসম্পদ জামানত রাখিয়া প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা;

(ছ) যুব সংগঠনের নামে সুবিধাজনকভাবে করা যায় না এইরূপ ক্ষেত্রে, তাহার পদের নাম ব্যবহার করিয়া কোন মৃত প্রদায়কের সম্পত্তির জন্য লেটার অব এ্যাডমিনিস্ট্রেশন গ্রহণ করা বা কোন প্রদায়ক হইতে বা তাহার সম্পত্তি হইতে পাওনা অর্থ গ্রহণ করিবার জন্য প্রয়োজন হয় এমন যে কোন কাজ করা; এবং এইরূপ সকল ক্ষেত্রে উক্ত লেটার অব এ্যাডমিনিস্ট্রেশন বা উক্ত পাওনা অর্থ অবসায়কের নিকট প্রদেয় বলিয়া গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, দফা (ছ) এর কোন বিধান Administrator General's Act 1913 (Act No. III of 1913) এর অধীন নিযুক্ত এ্যাডমিনিস্ট্রেটর জেনারেলের কোন অধিকার, কর্তব্য ও সুবিধা ক্ষুণ্ন করিবে না; এবং

(জ) যুব সংগঠনের অবসায়ন ও উহার পরিসম্পদ বণ্টনের জন্য অন্য যে কাজ করা প্রয়োজন তাহা করা।

১০। **যুব সংগঠনের গঠনতন্ত্র সংশোধন।**—আইনের ধারা ৭ এর বিধান অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক যুব সংগঠনের গঠনতন্ত্র সংশোধন করা যাইবে।

১১। **যুব সংগঠনের নিরীক্ষা পদ্ধতি।**—(১) যুব সংগঠনকে অনধিক ৩(তিন) সদস্যবিশিষ্ট নিরীক্ষা কমিটি গঠনপূর্বক তদ্দ্বারা কোন অর্থ বৎসর শেষ হইবার অনধিক ৪(চার) মাসের মধ্যে উহার নিরীক্ষা সম্পন্ন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ, প্রয়োজনে, সরকারি বা বেসরকারি নিরীক্ষা প্রতিষ্ঠান দ্বারা কোন যুব সংগঠন নিরীক্ষিত হইবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) এই বিধির অধীন গঠিত নিরীক্ষা কমিটি যুব সংগঠনের যুব কার্যক্রম সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র, হিসাব বই, রেজিস্ট্রার, ভাউচার, চাঁদা আদায়ের রশিদ বই, ব্যাংক বিবরণী এবং অন্যান্য কাগজাদি বা দলিলাদি পরিদর্শন করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট যুব সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও নির্বাহী পরিষদ বা উপদেষ্টা পরিষদের, যদি থাকে, যে কোন সদস্যের বক্তব্য শ্রবণ করিতে এবং যে কোন প্রাসঙ্গিক কাগজপত্র ও তথ্যাদি তলব করিতে পারিবে।

(৪) উপ-বিধি (১) অনুযায়ী নিরীক্ষা সম্পন্ন হইবার অনধিক ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিরীক্ষা প্রতিবেদনের একটি অনুলিপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৫) যুব সংগঠনের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করিবার জন্য নিরীক্ষা কমিটি বা প্রতিষ্ঠানকে ফি প্রদান করা যাইবে।

তফসিল

[বিধি-৩ (৩) (খ) দ্রষ্টব্য]

যুব সংগঠনের গঠনতন্ত্রের নমুনা

১। সংগঠনের নাম।— (বাংলা) :

(ইংরেজি) :

২। ঠিকানা।— (ক) বাড়ি/গ্রাম/মহল্লা.....সড়ক/ব্লক/সেক্টর.....ডাকঘর.....

থানা/উপজেলা.....জেলা.....

(খ) সংগঠনের ফোন এবং ই-মেইল.....ওয়েবসাইট.....

৩। কর্ম এলাকা।—

(যুব সংগঠনের স্থানীয় এলাকাভিত্তিক কিংবা উহা নগর বা জাতীয়ভিত্তিক কি না তাহা উল্লেখ করিতে হইবে)।

৪। যুব সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ।—

৫। সদস্য পদ।—

(ক) সদস্য হইবার যোগ্যতা;

(খ) সদস্যের শ্রেণিবিভাগ এবং উহার শর্তাদি ও প্রদেয় ফিস, যদি থাকে;

(গ) সদস্য গ্রহণ পদ্ধতি;

(ঙ) বিভিন্ন শ্রেণির সদস্যদের অধিকার ও সুবিধাদি;

(চ) সদস্য পদ স্থগিতকরণ বা বাতিল পদ্ধতি, যেমন—

(১) চাঁদা না দেওয়া;

(২) সংগঠনে উপস্থিত না হওয়া;

(৩) সংগঠনের স্বার্থ পরিপন্থি আচরণ করা; বা

(৪) যুক্তিসঙ্গত অন্য কোন কারণ।

৬। স্থগিত বা বাতিলকৃত সদস্য পদের পুনর্বহাল বা পুনর্গঠন পদ্ধতি।

৭। সাধারণ পরিষদ (অন্যূন ২০ সদস্য বিশিষ্ট)।

৮। নির্বাহী পরিষদ (নির্বাচন বা মনোনয়নের মাধ্যমে গঠিত, ৭ হইতে ১১ সদস্য বিশিষ্ট)।

৯। উপদেষ্টা পরিষদ, যাহা নির্বাহী পরিষদ কর্তৃক মনোনীত স্থানীয় গণ্যমান্য সমাজহিতৈষী ব্যক্তি, সংশ্লিষ্ট যুব সংগঠনের প্রতিষ্ঠাকালীন বা পূর্বতন সদস্য, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা বা স্থানীয় বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা সমন্বয়ে গঠন করা যাইবে।

১০। সভা:

(ক) বিভিন্ন প্রকারের সভা আহবান পদ্ধতি;

(খ) সভার নোটিশ; এবং

(গ) সভার কোরাম।

১১। আর্থিক ব্যবস্থাপনা:

(ক) যুব সংগঠনের নামে তফসিলি ব্যাংকে একাউন্ট;

(খ) অন্যূন ২ (দুই) জন সদস্যের (সভাপতি বা সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ) যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা; এবং

(গ) যুব সংগঠনের হিসাব নিরীক্ষা পদ্ধতি।

১২। গঠনতন্ত্রের সংশোধন:

যুব সংগঠনের গঠনতন্ত্রে কোন সংশোধনী আনয়নের উদ্দেশ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিবার জন্য গৃহীতব্য পদ্ধতি।

ফরম-'ক'

[বিধি-৩ (২) দ্রষ্টব্য]

যুব সংগঠন নিবন্ধনের জন্য আবেদন

বরাবর,

নিবন্ধন কর্তৃপক্ষ

যুব উন্নয়ন অধিদপ্তর

.....জেলা।

জনাব,

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ.....(সংগঠনের নাম) নামে একটি যুব সংগঠন পরিচালনা করিতেছি বা করিতে ইচ্ছুক। উক্ত সংগঠনের আবশ্যকীয় তথ্যাদি নিম্নে দেওয়া হইল:

১। যুব সংগঠনের নাম :.....

২। ঠিকানা :— (ক) বাড়ি/গ্রাম/মহল্লা.....সড়ক/ব্লক/সেক্টর.....ডাকঘর.....
থানা/উপজেলা.....জেলা.....
(খ) সংগঠনের ফোন এবং ই-মেইল.....ওয়েবসাইট.....

৩। সংগঠন প্রতিষ্ঠার তারিখ :.....

৪। কর্মক্ষেত্র: স্থানীয়/উপজেলা/জেলা/অন্যান্য.....

৫। সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে) :

৬। কর্মপরিকল্পনা/কার্যক্রম (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে) :

৭। অর্থের উৎস :

৮। প্রতিষ্ঠাতা সদস্যগণের তথ্য, নিম্নোক্ত ছক মোতাবেক (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে) :

ক্রমিক নং	নাম ও জাতীয় পরিচয়পত্র নম্বর	পদের নাম	ঠিকানা, ফোন ও ই-মেইল	বয়স	পেশা

৯। সংগঠনের তহবিল যে ব্যাংক বা ব্যাংকসমূহে জমা রাখা হইয়াছে সেই ব্যাংক বা ব্যাংকসমূহের নাম ও হিসাব নম্বর.....

১০। (ক) বিগত সাধারণ সভা যে তারিখে অনুষ্ঠিত হইয়াছে সেই তারিখে সংগঠনের মোট সদস্য সংখ্যা;
(খ) বিগত সাধারণ সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যা ও নামের তালিকা;
(গ) বিগত ৬ মাসে অনুষ্ঠিত নির্বাহী কমিটির মাসিক সভার কার্যবিবরণী।

১১। নিম্নবর্ণিত তথ্যসংবলিত সংক্ষিপ্ত বিবরণী সংযুক্ত করা হইল ::
(ক) ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের কপি;
(খ) সংগঠনের গঠনতন্ত্রের অনুলিপি;
(গ) সাধারণ সদস্যদের নামের তালিকা;
(ঘ) কার্যনির্বাহী পরিষদের সদস্যদের তালিকা; এবং
(ঙ) বিগত সাধারণ সভার কার্যবিবরণীর অনুলিপি।

এই মর্মে আমরা অঙ্গীকার করিতেছি যে, সংগঠনের উল্লিখিত তথ্যাবলি সত্য ও নির্ভুল। উক্ত সংগঠনের অনুকূলে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ মোতাবেক নিবন্ধন সনদ প্রদানের জন্য অনুরোধ করিতেছি।

আপনার বিশ্বস্ত,

তারিখ: .....

১। স্বাক্ষর
(সভাপতি)
নাম: .....ফোন/মোবাইল নং-
সীল

২। স্বাক্ষর
(সাধারণ সম্পাদক)
নাম: .....ফোন/মোবাইল নং-
সীল

ফরম-'খ'

[বিধি ৩ (২) দ্রষ্টব্য]

যুব সংগঠন এর স্বীকৃতিপত্রের জন্য আবেদন

বরাবর,

নিবন্ধন কর্তৃপক্ষ
যুব উন্নয়ন অধিদপ্তর
.....জেলা।

জনাব,

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ.....(সংগঠনের নাম) নামে একটি যুব সংগঠন পরিচালনা করিতেছি। উক্ত সংগঠনের বিবরণসমূহ নিম্নে দেওয়া হইল :

১। যুব সংগঠনের নাম.....

২। ঠিকানা।- (ক) বাড়ি/গ্রাম/মহল্লা.....সড়ক/ব্লক/সেক্টর.....ডাকঘর.....
থানা/উপজেলা :.....জেলা :.....
(খ) সংগঠনের ফোন, মোবাইল ও ই-মেইল.....ওয়েবসাইট :.....

৩। প্রতিষ্ঠার তারিখ :.....

৪। বিদ্যমান নিবন্ধনের তারিখ ও নিবন্ধনকারী কর্তৃপক্ষের নাম : .....

৫। সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য : (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে)

৬। কর্মক্ষেত্র : স্থানীয়/উপজেলা/জেলা/অন্যান্য :

৭। সংগঠনের তহবিল যে ব্যাংক বা ব্যাংকসমূহে জমা রাখা হইয়াছে সেই ব্যাংক বা ব্যাংকসমূহের নাম ও হিসাব নম্বর :.....

৮। (ক) বিগত সাধারণ সভা যে তারিখে অনুষ্ঠিত হইয়াছে সেই তারিখে সংগঠনের মোট সদস্য সংখ্যা;
(খ) বিগত সাধারণ সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যা ও নামের তালিকা; এবং
(গ) বিগত ৬ মাসে অনুষ্ঠিত নির্বাহী কমিটির মাসিক সভার কার্যবিবরণী।

৯। এতদস‡½ নিম্নবর্ণিত তথ্যসংবলিত সংক্ষিপ্ত বিবরণী সংযুক্ত করা হইল :

(ক) বর্তমানে পরিচালিত কার্যক্রম;
(খ) বিগত ২ (দুই) বৎসরের নিরীক্ষা প্রতিবেদন;
(গ) ৫০০ (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের কপি;
(ঘ) গঠনতন্ত্রের অনুলিপি;
(ঙ) সাধারণ সদস্যদের তালিকা;
(চ) কার্যনির্বাহী পরিষদের তালিকা;
(ছ) সংস্থার বিগত সাধারণ সভার কার্যবিবরণীর অনুলিপি; এবং
(জ) বার্ষিক প্রতিবেদন।

এই মর্মে আমরা অঙ্গীকার করিতেছি যে, সংগঠনের উল্লিখিত তথ্যাবলি সত্য ও নির্ভুল। উক্ত সংগঠনের অনুকূলে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ মোতাবেক স্বীকৃতিপত্র প্রদানের জন্য অনুরোধ করিতেছি।

আপনার বিশ্বস্ত

তারিখ : .....

১। স্বাক্ষর
(সভাপতি)
নাম : ..... ফোন/মোবাইল নং
সীল

২। স্বাক্ষর
(সাধারণ সম্পাদক)
নাম :..... ফোন/মোবাইল নং
সীল

ফরম-'গ'

[বিধি ৩ (৪) দ্রষ্টব্য]

মনোগ্রাম/লোগো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব উন্নয়ন অধিদপ্তর
.....

নিবন্ধন সনদ

নিবন্ধন নম্বর.....
তারিখ.....

এতদ্দ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, (.....সংগঠনের নাম .....) কে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এর ধারা ৪ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (৪) এর অধীন নিবন্ধন সনদ প্রদান করা হইল।

নিবন্ধন কর্তৃপক্ষ

ফরম-'ঘ'
[বিধি ৩ (৪) দ্রষ্টব্য]

মনোগ্রাম/লোগো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব উন্নয়ন অধিদপ্তর
.....

স্বীকৃতিপত্র

স্বীকৃতিপত্র নম্বর..... তারিখ.....

এতদ্দ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, (.....সংগঠনের নাম .....) কে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এর ধারা ৩(২) এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (৪) এর অধীন স্বীকৃতিপত্র প্রদান করা হইল।

নিবন্ধন কর্তৃপক্ষ

ফরম-'ঙ'

[বিধি ৩ (৫) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব উন্নয়ন অধিদপ্তর
.....

নিবন্ধন বহি

ক্রমিক নং	যুব সংগঠনের নাম ও ঠিকানা	নিবন্ধন সনদ/ স্বীকৃতিপত্রের নম্বর	নিবন্ধন/ স্বীকৃতিপত্র প্রদানের তারিখ	যুব সংগঠন প্রতিষ্ঠার তারিখ	লিপিবদ্ধকারীর নাম ও স্বাক্ষর	নিবন্ধনকারী বা স্বীকৃতিপত্র প্রদানকারীর স্বাক্ষর
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

যুব সংগঠনের নাম :
ঠিকানা :

যুব সংগঠনের সভাপতির নাম :
ঠিকানা (স্থায়ী ও বর্তমান) :

যুব সংগঠনের সাধারণ সম্পাদকের নাম :
ঠিকানা (স্থায়ী ও বর্তমান) :

যুব সংগঠনের কার্যক্ষেত্র :
ব্যাংক হিসাব : ব্যাংকের নাম ও শাখা :

সর্বশেষ স্থিতি :

ফরম-'চ'

[বিধি ৭ (১) দ্রষ্টব্য]

স্বেচ্ছা অবসায়নের জন্য আবেদন

বরাবর,

নিবন্ধন কর্তৃপক্ষ
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বিষয় : .....(সংগঠনের নাম) এর স্বেচ্ছা অবসায়নের জন্য আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাইতেছে যে, ...(সংগঠনের নাম) নিবন্ধন/স্বীকৃতিপত্র নং.....তারিখ.....এর স্বেচ্ছা অবসায়নের জন্য বিগত..... তারিখ.....স্থানে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় যুব সংগঠনের অবসায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এর ধারা ১১ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৭(১) অনুযায়ী আমরা নিম্নস্বাক্ষরকারীগণ সংগঠনের স্বেচ্ছা অবসায়নের জন্য আবেদন করিতেছি।

অতএব, উল্লিখিত যুব সংগঠনের স্বেচ্ছা অবসায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল। সভায় যোগদানকারী এবং যুব সংগঠনের স্বেচ্ছা অবসায়নের পক্ষে ভোট দানকারী সকল সদস্যের স্বাক্ষর ও যুব সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক সত্যায়নকৃত নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্রাদি এতদসঙ্গে সংযুক্ত করা হইল :-

(ক) স্বেচ্ছা অবসায়ন সংক্রান্ত যুব সংগঠনের বিশেষ সাধারণ সভার নোটিশ;

(খ) বিশেষ সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তিন-চতুর্থাংশ সদস্য কর্তৃক স্বেচ্ছা অবসায়নের সিদ্ধান্ত গ্রহণের প্রমাণসহ উপস্থিত সদস্যদের স্বাক্ষর সম্বলিত তালিকা;

(গ) বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী; এবং

(ঘ) যুব সংগঠনের স্থাবর-অস্থাবর সম্পত্তির তালিকাসহ প্রাসঙ্গিক দলিলাদির বিবরণী এবং, প্রয়োজনে, সংশ্লিষ্ট তথ্যাদির স্বপক্ষে কাগজাদি।

আপনার বিশ্বস্ত

তারিখ :

ক্রমিক নং	সদস্যের নাম	ঠিকানা	স্বাক্ষর	মোবাইল নম্বর
১।				
২।				
৩।				

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd